# P.S. 89Q – The Elmhurst School

# প্যারেন্ট ইনভলবমেন্ট পলিসি (Parent Involvement Policy)

**P.S. 89Q মিশন স্টেটমেন্ট-এ বলা হয়েছে যে "সমস্ত মেম্বার, স্টাফ, শিক্ষার্থী এবং প্যারেন্টস শিক্ষাগত প্রক্রিয়ার সাথে সক্রিয়ভাবে জড়িত।" প্যারেন্টদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে, P.S. 89Q প্যারেন্টস, প্যারেন্ট কোঅর্ডিনেটর, শিক্ষক এবং সহকারী অধ্যক্ষকেনিয়ে একটি প্যারেন্ট ইনভলবমেন্ট কমিটি (Parent Involvement Committee) গঠন করেছে।**



P.S. 89Q প্যারেন্ট ইনভলভমেন্ট কমিটির নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলির বাস্তবায়ন করতে সম্মত হয়েছে:

- প্যারেন্টদের সঙ্গে সহযোগিতার মধ্য দিয়ে কর্মসূচী, কার্যক্রম এবং প্রক্রিয়াগুলিতে প্যারেন্টদের অংশগ্রহণের জন্য পরিকল্পনা এবং তত্বাবধান করা
- প্যারেন্টদের জন্য টাইটেল I প্যারেন্ট অ্যাডভাইজরি (PAC), ESEA তথ্যগত সেশন প্রদান করা
- এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি এডুকেশন এক্ট (ESEA) -এর ধারা 1118(b) -এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করা এবং পরিবারের অংশগ্রহণকে আরো বেশী শক্তিশালী করার জন্য ESEA -এর 1118(d) অনুযায়ী স্কুল-প্যারেন্ট কম্প্যাক্ট তৈরি করা
- কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (CEP) -এ প্যারেন্ট ইনভলভমেন্ট পলিসির অন্তর্ভুক্তির নিশ্চিতিকরণ
- প্যারেন্টদের অংশগ্রহণ সম্বন্ধীয় কার্যক্রমগুলি সম্পর্কে *সমস্ত প্যারেন্টদের* অবগত করা এবং সকলকে তাদের নিজ নিজ ভাষায় স্কুল-প্যারেন্ট কম্প্যাক্ট এবং প্যারেন্ট ইনভলভমেন্ট পলিসির কপিগুলি প্রদান নিশ্চিত করা
- প্যারেন্টরা এই একই তথ্য ক্লাস ডোজো (Class Dojo) -এর মাধ্যমেও পাবেন
- টাইটেল I, পার্ট A, কিভাবে প্যারেন্টদের জড়িত রাখার জন্য তহবিল ব্যয় করা হবে তা নির্ধারণ করার ক্ষেত্রে প্যারেন্টদের অংশগ্রহণের নিশ্চিতিকরণ
- সমস্ত কর্মসূচী, কার্যক্রম এবং প্রক্রিয়াগুলির তত্বাবধানের জন্য প্যারেন্টদের অংশগ্রহণের সংজ্ঞাকে নির্দেশিকা হিসাবে ব্যবহার করুন।

***সংজ্ঞা:***

*প্যারেন্টদের জড়িত থাকার অর্থ হল স্কুলের সঙ্গে নিয়মিত, উভমুখি, এবং অর্থবহ ভাবের আদান প্রদানের জন্য প্যারেন্টদের অংশগ্রহণ। প্যারেন্টরা হলেন তাদের সন্তানের শিক্ষার অবিচ্ছেদ্য অঙ্গ, সক্রিয়ভাবে তাদের সন্তানের শিক্ষার সঙ্গে জড়িত এবং ওনাদেরকে স্কুলের সিদ্ধান্ত-গ্রহণ এবং উপদেষ্টা কমিটিতে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হয়।*





- P.S. 89Q একটি টাইটেল I প্যারেন্ট ইনভলভমেন্ট কমিটি গঠন করেছে। প্যারেন্ট ইনভলভমেন্ট পলিসি তৈরি করার দায়িত্ব এই কমিটির উপর রয়েছে; আর তাই, প্যারেন্টরা এই পলিসির পরিমার্জনের সাথে যুক্ত রয়েছেন।
- P.S. 89Q প্যারেন্টদেরকে সম্পূর্ণ স্কুলের সার্ভে, স্কুলের নেতৃত্বে অংশগ্রহণ, প্যারেন্ট ইনভলভমেন্ট কমিটিতে অংশগ্রহণ এবং স্বেচ্ছাসেবক হিসাবে স্কুলের জন্য কাজ করানোর মাধ্যমে স্কুলের পর্যালোচনা এবং উন্নতির কাজে যুক্ত রাখেন.
- P.S. 89Q একটি কেন্দ্রীয় বুলেটিন বোর্ড এবং পাশাপাশিভাবে একটি মাসিক পাঠ্যক্রম ক্যালেন্ডারের মাধ্যমে পড়া, লেখা, বিজ্ঞান, সামাজ বিজ্ঞান, এবং গণিতের ক্ষেত্রে বর্তমান অধ্যয়নের ইউনিট সম্বন্ধে প্যারেন্টদেরকে জানাবে। স্কুল অধ্যয়নের নতুন ইউনিটের বিষয়ে প্যারেন্টদেরকে অবহিত করবে এবং শিক্ষকগণ সারা বছর জুড়ে ইউনিট পাঠ্যক্রম শেষের অনুষ্ঠানে প্যারেন্টদেরকে আমন্ত্রণ জানাবে।
- P.S. 89Q *সমস্ত প্যারেন্ট* বিশেষ করে সীমিত উপার্জনকারী, বিশেষ কোনো প্রয়োজনীয়তা রয়েছে এমন, সীমিত ইংরাজি দক্ষতা সম্পন্ন, কম পড়াশোনা জানা এবং সমস্ত জাতিগোষ্ঠীর প্যারেন্টদের ক্ষেত্রে এর কার্যকারিতা নির্ধারণ করতে প্যারেন্টাল ইনভলভমেন্ট পলিসির অন্তর্গত স্কুলের সার্ভের ফলাফল পর্যালোচনা করবে। এই সার্ভের ফলাফল প্যারেন্টদের প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে তাদের অংশগ্রহণের কার্যক্রম এবং প্রোগ্রাম পরিকল্পনা করতে ব্যবহার করা হবে।

**II. বাস্তবায়ন**

- P.S. 89Q একটি টাইটেল I প্যারেন্ট ইনভলভমেন্ট কমিটি গঠন করেছে। প্যারেন্ট ইনভলভমেন্ট পলিসি তৈরি করার দায়িত্ব এই কমিটির উপর রয়েছে; আর তাই, প্যারেন্টরা এই পলিসির পরিমার্জনের সাথে যুক্ত রয়েছেন।




P.S. 89Q নিম্নলিখিত কার্যক্রমগুলি বাস্তবায়নের মাধ্যমে স্কুল ও প্যারেন্টের মধ্যে অনুপাত নির্ধারণ করবে:

স্টেট অ্যাকাডেমিক মানক, বেঞ্চমার্ক, মানক পরীক্ষার প্রয়োজনীয়তাগুলি এবং প্রচারের মাপদণ্ড সম্বন্ধে প্যারেন্টদের জানাবে। এছাড়াও প্যারেন্টরা হয় রিপোর্ট কার্ডের মাধ্যমে নতুবা প্রোগ্রেস রিপোর্টের মাধ্যমে ত্রৈমাসিকেরহিসাবে অ্যাকাডেমিক ফীডব্যাক পাবেন। প্যারেন্টরা যাতে তাদের সন্তানদের তথ্য অনলাইনে দেখতে পারেন সেজন্য তাদেরকে NYC স্কুলস অ্যাকাউন্ট তৈরি করতে সহায়তা করা হবে।

# P.S. 89Q – The Elmhurst School

# প্যারেন্ট ইনভলবমেন্ট পলিসি (Parent Involvement Policy)

| |
|---|
| **P.S. 89Q মিশন স্টেটমেন্ট-এ বলা হয়েছে যে "সমস্ত মেম্বার, স্টাফ, শিক্ষার্থী এবং প্যারেন্টস শিক্ষাগত প্রক্রিয়ার সাথে সক্রিয়ভাবে জড়িত।" প্যারেন্টদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে, P.S. 89Q প্যারেন্টস, প্যারেন্ট কোঅর্ডিনেটর, শিক্ষক এবং সহকারী অধ্যক্ষকেনিয়ে একটি প্যারেন্ট ইনভলবমেন্ট কমিটি (Parent Involvement Committee) গঠন করেছে।** |

| | |
|---|---|
| | ফস্টার লিটারেসি এবং প্যারেন্টাল ইনভলভমেন্টের জন্য এই সমস্ত প্রোগ্রামের মাধ্যমে উপকরণ ও প্রশিক্ষণ প্রদান করা হবে: প্যারেন্ট স্বেচ্ছাসেবী প্রোগ্রাম, "ফার্স্ট স্টেপ" প্যারেন্ট টডলার প্রোগ্রাম, ABC's অভ টেকনোলজি, ম্যাথ এবং লিটারেসি ওয়ার্কশপ (স্কুল জুড়ে ও গ্রেড লেভেল); প্যারেন্ট সোশাল ক্লাব, এবং লাইব্রেরি প্রোগ্রামসমূহ। |
| | প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের সাথে প্যারেন্ট ইনভলভমেন্ট প্রোগ্রামসমূহের সমন্বয়সাধন ও একত্রীকরণ:<br>কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন, ফার্স্ট স্টেপ প্যারেন্ট টডলার প্রোগ্রাম, P.S. 89Q প্যারেন্ট ওয়ার্কশপগুলিতে অংশগ্রহণ করার জন্য ইউনিভার্সাল প্রি-K প্যারেন্টদেরকে আমন্ত্রণ করছে। |
|  | P.S. 89Q তার সমস্ত শক্তি দিয়ে এই প্রচেষ্টা করে যে সকল তথ্য প্যারেন্টদের কাছে যাচ্ছে তা যেন তাদের নিজ নিজ ভাষায় প্রচারপত্র, স্মারকলিপি, প্যারেন্ট নোটিশের লিখিত অনুবাদের মাধ্যমে এবং ওয়ার্কশপ ও মিটিংয়ের সময়ে এর মৌখিক ব্যাখ্যা করার মাধ্যমে উপলব্ধ করা হয়। স্কুল স্বেচ্ছাসেবক এবং পেশাদারদের নিয়ে একটি ইন-হাউস ট্রান্সলেশন ও ইন্টারপ্রিটেশন কমিটি গঠন করেছে। এছাড়াও P.S. 89Q DOE ওভার-দ-ফোন ব্যাখ্যামূলক পরিষেবা প্রদান করে। |
| | PS 89Q পরিবারের শিক্ষার মানকে উন্নত করার জন্য ক্রমাগত এর স্থানীয় ভাষা সাহিত্য সংগ্রহের প্রসারণ ও রক্ষণাবেক্ষণ করতে থাকে। |
| | ক্লাস ডোজো, ইমেইল, ও অন্যান্য অ্যাপ্লিকেশনের সাহায্যে ডিজিটাল মাধ্যমের সাহায্যে যোগাযোগ করার জন্য প্রশিক্ষণ প্রদান করে। |

| | |
|---|---|
|  | P.S. 89 প্যারেন্টদের অংশগ্রহণকে উন্নত করার জন্য মডেল পন্থাগুলির বিকাশ এবং রক্ষণাবেক্ষণ করবে, যেমন: |
| | লাইব্রেরীতে স্থানীয় ভাষার সংগ্রহের বিকাশ ও রক্ষণাবেক্ষণ |
| | প্রি-স্কুলের বয়সী ভাইবোনদের ভাষাগত উন্নতির জন্য ফার্স্ট স্টেপ প্যারেন্ট-টডলার প্রোগ্রাম |
| | বাড়ি ও স্কুলের মধ্যেকার যোগাযোগকে সহায়তা করার জন্য ইন্-হাউস ট্রান্সলেশন ও ইন্টারপ্রিটেশন টিম। |
| **III. বিবেচনামূলক কার্যকলাপ** | প্যারেন্ট সোশাল ক্লাব |
| | বেসিক টেকনোলজি ক্লাসেস (সমস্ত প্যারেন্টদেরকে সুযোগ করে দেবার জন্য আলাদা আলাদা সেশন) |

| | |
|---|---|
|  | এই স্কুল পেরেন্টাল ইনভলভমেন্ট পলিসি P.S. 89Q স্কুল লিডারশিপ কমিটির আলচ্যসূচীতে যেভাবে বলা হয়েছে সেই অনুযায়ী টাইটেল 1, পার্ট A প্রোগ্রামগুলিতে যে সকল শিশুর প্যারেন্টরা অংশগ্রহণ করেছেন তাদের নিয়ে এবং তাদের সম্মতি সহকারে যৌথভাবে তৈরি করা হয়েছে। এই পলিসি P.S. 89Q – The Elmhurst School -এর দ্বারা গৃহীত হয়েছে এবং স্কুলের **2019-2020** কর্মবছর পর্যন্ত কার্যকর থাকবে। স্কুল এই পলিসি টাইটেল 1, পার্ট A-তে অংশগ্রহণকারী সকল শিশুর প্যারেন্টদেরকে তারা যে ভাষায় সাবলীল সেই ভাষায় সরবরাহ করবে। |
| **IV. গ্রহণ** | |